চুয়াডাঙ্গায় মাঘের শীতে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি, বিপর্যস্ত জনজীবন

চুয়াডাঙ্গায় হাড়কাঁপানো শীতের মধ্যেই টানা দুই ঘণ্টা গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হয়েছে। সঙ্গে হিমেল হাওয়ায় শীতের তীব্রতা আরও বেশি অনুভূত হচ্ছে। এতে কৃষকসহ দিনমজুররা পড়েছেন চরম বিপাকে।

চুয়াডাঙ্গা প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগার সূত্রে জানা গেছে, আজ বৃহস্পতিবার ভোর পৌনে ৬টা থেকে সকাল ৮টা ১০ মিনিট পর্যন্ত জেলায় ১৯ দশমিক ৪ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। সকাল ৯টায় জেলায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস ও দুপুর ১২টায় রেকর্ড করা হয়েছে ১৮ ডিগ্রি সেলসিয়াল তাপমাত্রা। এর আগে বুধবার সকাল ৯টায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৯ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।

এদিকে চুয়াডাঙ্গায় কয়েক দিন মৃদু শৈত্যপ্রবাহের কারণে শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী বৃহস্পতিবার জেলার সব মাধ্যমিক বিদ্যালয় বন্ধ রয়েছে। তবে প্রাথমিক বিদ্যালয়গুলো যথারীতি কার্যক্রম চলতে দেখা গেছে।

চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার মো. আতাউর রহমান বলেন, বুধবার আলোচনা করে বৃহস্পতিবার জেলার সকল মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আবহাওয়া অধিদপ্তরের সঙ্গে কথা বলে সম্ভাব্য জেলার পূর্বাভাস জেনে আলোচনা সাপেক্ষে সামনে সপ্তাহে সিদ্ধান্ত নেওয়া হবে।
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তবিবুর রহমান জানান, বৃহস্পতিবার জেলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াল। তাপমাত্রা ১০ ডিগ্রির নিচে হলে স্কুল বন্ধের নির্দেশনার জন্য বলা হয়েছে। সেই অনুযায়ী জেলার সব প্রাথমিক বিদ্যালয়গুলো খোলা রয়েছে। আমি জেলার বিভিন্ন স্কুল পরিদর্শন করেছি। ৬০-৭০ শতাংশ শিক্ষার্থীরা বিদ্যালয়ে এসেছে।